

প্রিয় পরিবারবর্গ,

যদি আপনার সন্তান 2019 সালে জন্মগ্রহণ করে থাকে, তবে সে 2023-এর হেমন্তে প্রি-K-তে ভর্তি হতে পারে। জানুয়ারির শেষ ভাগে প্রি-K-তে ভর্তির আবেদন শুরু হবার আগে, যেসব কাঠামোতে প্রি-K অফার করা হয় সেগুলো সম্পর্কে আরো জানতে আমরা আপনাকে উৎসাহিত করছি। আজ, আমরা নিউ ইয়র্ক সিটি আর্লি এডুকেশন সেন্টারসমূহ (NYCEECs) তুলে ধরবো।

একটি কঠোর প্রক্রিয়ার মাধ্যমে বেছে নেয়া NYCEEC-গুলো হচ্ছে কমিউনিটি ভিত্তিক সংগঠন, যেগুলো প্রি-K প্রদান করতে DOE-এর সাথে অংশীদারিত্ব করে। সেগুলো প্রাইভেট স্কুল, ডে-কেয়ার, প্যারোকিয়াল বা ধর্মীয় স্কুল, এবং অন্যান্য স্থানে অবস্থিত হতে পারে। যদি একটি NYCEEC [মাইস্কুলস](#)-এ তালিকাবদ্ধ হয়ে থাকে, তবে সেটা একটি পাবলিক প্রি-K প্রোগ্রাম অফার করে যা NYC পরিবারদের জন্য বিনামূল্যে অথবা স্বল্প মূল্যে শৈশবকালীন সেবা (আর্লি কেয়ার) এবং শিক্ষা প্রদান করে। এছাড়াও বহু NYCEEC, যেসব পরিবার আয় ও চাহিদার ভিত্তিতে যোগ্য হয়, তাদের দীর্ঘায়িত দিবস ও বছর এবং হেড স্টার্ট আসন অফার করে থাকে। কিছু প্রোগ্রাম আগে স্কুলে দিয়ে যাওয়া (ড্রপ অফ) এবং দেরিতে নিয়ে যাওয়াও (পিক আপ) অফার করে। আরো তথ্যের জন্য একটি প্রোগ্রামের [মাইস্কুলস](#) পেজ দেখুন।

2019 সালে জন্মগ্রহণকারী সকল ছেলেমেয়ে NYCEEC-গুলোতে আবেদনের জন্য যোগ্য। প্রোগ্রামটি পরিচালনাকারী সংগঠন থেকে সোশ্যাল সার্ভিস পাচ্ছে এমন বর্তমান NYCEEC শিক্ষার্থী, ভাইবোন, ও আবেদনকারীরা প্রতিটি NYCEEC-তে ভর্তির জন্য অগ্রাধিকার পাবে।

আপনি এই কাঠামো বিবেচনা করতে পারেন, যদি:

- আপনি আপনার সন্তানকে এমন কোনও সংগঠন দ্বারা পরিচালিত একটি প্রোগ্রামে দিতে চাচ্ছেন, যেটার সাথে আপনার নেইবারহুড এবং/অথবা কমিউনিটির দৃঢ় বন্ধন আছে
- আপনি যেখানে কাজ করেন অথবা স্কুলে যান সেখানে অবস্থিত অপশনগুলোর প্রতি আগ্রহী, শুধুমাত্র আপনার পরিবার যেখানে থাকে সেখানেই নয়-NYCEEC-গুলোর প্রি-K-তে কোনো ভৌগোলিক অগ্রাধিকার নেই!
- যে সংগঠনটি সেন্টারটি পরিচালনা করছে সেটা থেকে আপনার পরিবার সামাজিক পরিষেবা বা সোশ্যাল সার্ভিস লাভ করে
- আপনার সন্তানকে আপনার আগে দিয়ে যাওয়া অথবা আফটার স্কুল বিকল্প প্রয়োজন—অনেক প্রোগ্রাম আগে দিয়ে যাওয়া (ড্রপ অফ) এবং/অথবা দেরিতে নিয়ে যাওয়া (লেট পিকআপ) অফার করে।
- আপনি ভিন্ন আসনের বিকল্প চাইছেন, যেমন স্কুল দিবসের আসন, দীর্ঘায়িত দিবস ও বছর, অথবা হেড স্টার্ট আসন।

আরও জানতে চাইছেন? 12, 26 জানুয়ারি, 1, বা 15 ফেব্রুয়ারি তারিখ অনুষ্ঠিতব্য এলিমেন্টারিতে ভর্তি সংক্রান্ত আমাদের ভার্চুয়াল অনুষ্ঠানে যোগ দিন। অনুষ্ঠানের বিস্তারিত তথ্যের জন্য, আমাদের [প্রি-K-তে ভর্তি বা অ্যাডমিশন বিষয়ক ওয়েবসাইট](#) দেখুন। আসন্ন সপ্তাহগুলোতে, আমরা ধারাবাহিকভাবে সর্বসাম্প্রতিক তথ্য ও অনুস্মারক পাঠাবো, এতে অন্তর্ভুক্ত আপনার



সন্তান ও পরিবারের জন্য কোনটি সবচেয়ে বেশি উপযুক্ত হবে তা আপনার নির্ধারণের জন্য অন্যান্য প্রি-K প্রোগ্রামের কাঠামোগুলো তুলে ধরা।

এখনো প্রশ্ন আছে কি? আমাদের 718-935-2009 নম্বরে ফোন করুন অথবা আপনার স্থানীয় [ফ্যামিলি ওয়েলকাম সেন্টার](#) পরিদর্শন করুন।

শুভেচ্ছান্তে,

3-K অ্যান্ড প্রি-K অ্যাডমিশনস্ টিম

এই ইমেইলটি আপনার কোনও বন্ধু আপনাকে প্রেরণ (ফরওয়ার্ড) করেছেন কি? schools.nyc.gov/SignUp ওয়েবসাইটে আমাদের প্রি-K-তে ভর্তি হতে আগ্রহীদের মেইলিং লিস্টে (ডাক তালিকায়) নাম লেখাতে (বা সাইন আপ করতে) নিশ্চিত করুন। আপনি যদি আমাদের যেকোনো অথবা সকল মেইলিং লিস্ট থেকে কোনো ইমেইল পেতে না চান, তবে অনুগ্রহ করে আনসাবসক্রাইব করতে [এখানে](#) ক্লিক করুন।